# শতভাগ পাস : হলদিয়া উচ্চ বিদ্যালয়ে আনন্দ উৎসব

মুন্সীগঞ্জ প্রতিনিধি ▷

শতভাগ পাস করায় মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও আনন্দ উৎসব করা হয়েছে। গতকাল শনিবার বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করে হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় প্রাক্তন ছাত্র কল্যাণ ফাউন্ডেশন। এতে প্রধান অতিথি ছিলেন মুন্সীগঞ্জ ২ (লৌহজং-টঙ্গিবাড়ী) আসনের সংসদ সদস্য ও সাবেক হুইপ অধ্যাপিকা সাগুফতা ইয়াসমিন এমিলি।

এ বছর হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় থেকে ১২০ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষা দিয়ে সবাই পাস করেছে। এর মধ্যে ৯ জন জিপিএ ৫ পেয়েছে। এ ৯ জনকে একটি করে ল্যাপটপ ও তাদের মায়েদের গর্বিত মাতা হিসেবে ক্রেস্ট উপহার দেওয়া হয়েছে। বাকি ১১১ শিক্ষার্থীকে মেডেল দেওয়া হয়েছে। এ ছাড়া বিদ্যালয়ের ২২ জন শিক্ষককে একটি করে মোবাইল ফোনসেট উপহার দেওয়া হয়েছে।

বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি মো. আতাউর রহমান মৃধা খোকনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ সিকদার, ক্রীড়া সংগঠক মেহেদি হাসান, মেদিনীমণ্ডল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আশরাফ হোসেন খান, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রফিকুল ইসলাম, খোরশেদ আলম বাবুল, কল্যাণ ফাউন্ডেশনের যুগ্ম আহ্বায়ক ফরহাদ হোসেন, সদস্যসচিব পাভেল সাহাবুদ্দিন, বিক্রমপুর প্রেস ক্লাব সভাপতি মো. মাসুদ খান, প্রাক্তন ছাত্র কল্যাণ ফাউন্ডেশনের সদস্য আল ইউসুফ আজাদ চঞ্চল ও লিঙ্কন হাওলাদার প্রমুখ। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন লৌহজং কলেজের অধ্যক্ষ মো. মোজাম্মেল হক, এবা গ্রুপের চেয়ারম্যান সাজ্জাদুর রহমান শিপন মৃধা, ব্যবস্থাপনা পরিচালক জিল্লুর রহমান রিপন মৃধা প্রমুখ।




মুন্সীগঞ্জের লৌহজংয়ের হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের হাতে উপহার তুলে দেওয়া হচ্ছে। ছবি : কালের কণ্ঠ